

নটর ডেম কলেজে ছাত্র ভর্তি

## শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা সম্পর্কে শিক্ষাবিদদের উদ্বেগ

নিজস্ব স্বার্থ পরিবেশক

দেশের বিখ্যাত পাঠ শিক্ষাবিদ রাজধানীস্থ নটর ডেম কলেজে ছাত্র ভর্তির ওপর শিক্ষা মন্ত্রণালয়ের চাপিয়ে দেয়া অনলাইন ভর্তি নীতিমালায় উদ্বেগ প্রকাশ করেছেন। গতকাল এক বিবৃতিতে শিক্ষাবিদ সিগাফেল ইসলাম চৌধুরী, সৈয়দ আনোয়ার হোসেন, আশিফ মজরুল, ড. আবদুল মব্বূর খান, ও ড. আবু মুসা মো. আরিফ বিল্লা এই উদ্বেগ প্রকাশ করেন।

বিবৃতিতে তারা বলেন, ঐতিহ্যবাহী নটর ডেম কলেজের ওপর শিক্ষা মন্ত্রণালয়ের অনলাইনে ছাত্রভর্তি নীতিমালা চাপিয়ে দেয়ার অপচেষ্টায় আমরা উদ্ভিন্ন। নটর ডেম কলেজ গত ৬৪ বছর ধরে নিজস্ব নীতিমালার মাধ্যমে ভর্তি প্রক্রিয়ায় শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে এবং জাতিকে একটি শিখিত ও দক্ষ জাতিসমষ্টি উপহার দিচ্ছে। গ্রামের মেধাবী দরিদ্র ছাত্ররাও এই কলেজে ভর্তি হয়ে বিশেষ সুযোগ সুবিধা পেয়ে নিজেকে প্রতিষ্ঠিত করতে পারছে। এই কলেজটি মিশনারি হস্তাক্রম সম্প্রদায় পরিচালনা করছে। তারা সরকারের কাছ থেকে শিক্ষক বেতন জাতীয় উন্নয়নের জন্য একটি টাকাও গ্রহণ করেন না।